

ভূমিকা ।।

কবিশেখর কালিদাস রায় বাংলা সাহিত্যের একজন বিশিষ্ট কবি। সুদীর্ঘকাল ধরে তিনি সাহিত্যের নানা শাখায় সুস্থন্দে পদচারণা করে গেছেন। সাহিত্য বিচার, ভাষা, ছন্দ, ব্যাকরণ প্রভৃতি চর্চার ক্ষেত্রেও তাঁর অধিকার প্রশস্ত। তিনি তাঁর দীর্ঘ সাহিত্য সাধনার দ্বারা তাঁর জীবৎকালেই একটি পুঁজি স্থানে পরিণত হয়েছিলেন। বাংলা সাহিত্যের পূর্বাধার-সাহিত্য-ধারা তাঁর প্রতিভার মধ্যে সম্বিত হয়েছিল। অথচ এ পর্যন্ত কবিশেখরের কাব্যালোচনা-মূলক কোন গ্রন্থ রচিত হয়নি। অবশ্য সাময়িক পত্রে বা কোন কোন সংকলন গ্রন্থে তাঁর সম্বন্ধে কয়েকটি প্রবন্ধ রচিত হয়েছে। আমরা কবিশেখরের জীবন ও কাব্যকে আমাদের আলোচনার বিষয় রূপে গ্রহণ করেছি। কবির জীবন থেকে সূত্র চয়ন করে তাঁর কাব্যগুলির ভাব তাৎপর্য অনুধাবন করতে চেষ্টা করেছি। বিশেষ কয়েকটি দৃষ্টিকোণ থেকেও তাঁর কাব্যের আলোচনা করা হয়েছে। বলা পুয়োজন এ আলোচনার দৃষ্টিকোণ বর্ণনামূলক বা ব্যাখ্যামূলক। সমালোচনার ক্ষেত্রে সেটিও একটি স্নিকৃত রীতি।

এই আলোচনার শেষে কবিশেখরের কাব্য ও জীবনের সংযোগ দেখাতে চেষ্টা করেছি। আর নিরূপণ করতে চেয়েছি রবীন্দ্রানুসারী হওয়া সত্ত্বেও তাঁর স্মৃতিস্তম্ভের ক্ষেত্রগুলি। উপসংহারে বাংলা সাহিত্যে তাঁর স্থান সম্বন্ধে আমাদের ধারণা ব্যক্ত করেছি। আমাদের এই চেষ্টা প্রথম আলোচকের চেষ্টা। সুতরাং তাতে নানাবিধ সীমাবদ্ধতা থেকে যাওয়া সম্ভব।

কবিশেখরের কাব্যালোচনার ক্ষেত্রে সর্বাধিক সাহায্য করেছেন আমার গবেষণা তত্তাবধায়ক, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. অঙ্কুশ ভট্ট। তাঁর নিরলস আন্তরিক সাহায্য ব্যতীত এ গ্রন্থ রচনা সম্ভব হতনা। কবিপুত্র শ্রীযুক্ত কবিকঙ্কণ রায় ও শ্রীযুক্ত কবিরঞ্জন রায় মহাশয় কবির সম্বন্ধে যাবতীয় তথ্য এবং তাঁর গ্রন্থাবলী, তাঁর অপুকাশিত পাণ্ডুলিপি ও

স্মৃতিকথার ফাইল আমাকে দেখতে দিয়ে অশেষ সাহায্য করেছেন। এ তথ্যগুলি কবিশেখরের জীবন ও কাব্য রচনার আকর। তাঁরা আমার গ্রন্থে সন্নিবেশিত তথ্যের সত্যতা সম্বন্ধে একটি প্রমাণপত্র দিয়ে আমাকে বাধিত করেছেন। তাঁদের কাছে আমি গভীর ভাবে কৃতজ্ঞ। এই গ্রন্থের প্রথমে প্রমাণপত্রটি সংযুক্ত হল। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক, শ্রেণ্য শিবচন্দ্র নাহিড়ীর কাছেও নানা পরামর্শ পেয়েছি। তাঁকে প্রণাম জানাই। আমার সুর্গগত পিতামাতার আর্শীবাদ ভিন্ন এ গ্রন্থ রচনা সম্ভব হত না। তাদের উদ্দেশ্যে প্রণাম জানাই।

৩১ শে জানুয়ারী, ১৯৯৬

সুদাম চন্দ্র অধিকারী